তারিখ 16 MAY 2016
পৃষ্ঠা ৩ কলাম ৬

কালের কণ্ঠ

ঢাকা বিশ্ববিদ্যালয়

# চার শিক্ষক ও ১৩ শিক্ষার্থী পেল ডিনস অ্যাওয়ার্ড

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ব এবং ভূগোল ও পরিবেশ বিভাগের স্নাতক শ্রেণিতে কৃতিত্বপূর্ণ ফলাফলে ১৩ শিক্ষার্থীকে ডিনস অ্যাওয়ার্ড দেওয়া হয়েছে। এদের মধ্যে ১০ জনই ছাত্রী। গবেষণাকর্মের জন্য চার শিক্ষককেও এ সম্মাননা দেওয়া হয়েছে।

গতকাল নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক সম্মাননা তুলে দেন। অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামালের সভাপতিত্বে উপ-উপাচার্য (শিক্ষা) ড. নাসরীন আহমাদ, উপ-উপাচার্য (প্রশাসন) ড. সহিদ আকতার হুসাইন প্রমুখ উপস্থিত ছিলেন।

অ্যাওয়ার্ডপ্রাপ্ত শিক্ষার্থীরা হলো—ভূগোল ও পরিবেশ বিভাগের নিশাত ফাল্গুনী, তাসনুভা জেরিন, নাজমুন নাহার সুমাইয়া, ইয়াসিন ওয়াহিত রাব্বী ও রায়সা সুলতানা এবং ভূতত্ত্ব বিভাগের নাজিয়া নওরিন, শাকুরা জাহান, জেনিফার হাকিম লুপিন, নাদিয়া সুলতানা তারান্নি, মাসুমা চৌধুরী, মো. ইউসুফ গাজী, তাসপিয়া হামিদ ও মো. ইমাম সোহেল হোসেন।

অ্যাওয়ার্ডপ্রাপ্ত শিক্ষকরা হলেন—ড. আফতাব আলম খান, ড. মো. কাওসার আহমেদ, ড. বদরুদ্দোজা মিয়া ও সহকারী অধ্যাপক শারমীন সুলতানা।